মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট-৯৩৫১
টেলিফোনঃ ০৪৬৬২-৭৫৩৪৫
ফ্যাক্সঃ ০৪৬৬২৭৫২২৪
ইমেইলঃ da@mpa.gov.bd
ওয়েবসাইটঃ www.mpa.gov.bd

নং- ১৮.১৪.০১৫৮.১২২.০৬.১৫৬.১৮ তারিখঃ জানুয়ারী ২০২০ খ্রিঃ

বিষয়ঃ ইনোভেশন কমিটির জানুয়ারী'২০২০ ইং মাসের কার্যবিবরণী প্রসঙ্গে।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ গিয়াস উদ্দিন, পরিচালক (প্রশাসন), মবক, মোংলা এবং ইনোভেশন অফিসার। |
| সভার স্থান | : | মবক এর সভাকক্ষ, প্রশাসনিক ভবন, মবক, মোংলা। |
| তারিখ | : | ০৮ - ০১ - ২০২০ ইং। |
| সময় | : | বেলা ০৩:০০ ঘটিকা। |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | (১) জনাব ওহিউদ্দীন চৌধুরী, সচিব (বোর্ড ও জনসংযোগ), মবক, মোংলা ও সদস্য, ইনোভেশন টিম।<br>(২) জনাব সিদ্দিকুর রহমান, প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা. মবক, মোংলা ও সদস্য, ইনোভেশন টিম।<br>(৩) জনাব মোঃ জহিরুল হক, পরিকল্পনা প্রধান, মবক, মোংলা ও সদস্য, ইনোভেশন টিম।<br>(৪) জনাব মোঃ সোহাগ, সহকারী ট্রাফিক ম্যানেজার, মবক, মোংলা ও সদস্য, ইনোভেশন টিম।<br>(৫) জনাব মোঃ মাইদুল ইসলাম,উর্দ্ধতন নিরীক্ষা কর্মকর্তা , মবক, মোংলা ও সদস্য, ইনোভেশন টিম।<br>(৬) জনাব মাসুম বিল্লাহ সহকারী ব্যাস্থাপক (ও এন্ড এম), মবক ,মোংলা ও সদস্য,ইনোভেশন টিম।<br>(৭) জনাব সাইদুর রহমান ,লাইটিং অফিসার ( হারবার), মবক ,মোংলা ও সদস্য,ইনোভেশন টিম ।<br>(৮) শিরীন আফরোজ অনু, সহকারী প্রকৌশলী (তড়িৎ), মবক, মোংলা ও সদস্য-সচিব,ইনোভেশন টিম। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। ইনোভেশন কমিটির কর্মপরিধি নিয়ে সভায় বিস্তারিত আলাপ-আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | কার্য ব্যবস্থা / বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১। | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী ০১ টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং ,০১ টি ডিজিটাল সেবা , ০১ টি সেবা পদ্ধতি সহজীকরন এবং SIP (Small Improvement Project) বাস্তবায়ন প্রসঙ্গে। | সভায় সভাপতি জানান যে, ২৯ ডিসেম্বর ২০১৯ তারিখ বেলা ০৩:৩০ টায় নৌ পরিবহন মন্ত্রনালয়ে অনুষ্ঠিতব্য আইসিটি / ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি ও পর্যালোচনা সভায় উল্লেখিত বিষয়ে আলোচনা হয় ।<br>০১ টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং – বল্লি প্যালাসাইডিং চালুকরণ।<br>০১ টি ডিজিটাল সেবা – অন লাইনে চাকুরী আবেদন প্রক্রিয়া।<br>০১ টি সেবা পদ্ধতি সহজীকরন – পে স্লিপ, ই-মেইল এর মাধ্যমে সেবা গ্রহিতার কাছে পাঠানো । | মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক<br>০১ টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং – বল্লি প্যালাসাইডিং বাস্তবায়ীত।<br>০১ টি ডিজিটাল সেবা – অন লাইনে চাকুরী আবেদন প্রক্রিয়া বাস্তবায়ীত।<br>০১ টি সেবা পদ্ধতি সহজীকরন – পে স্লিপ ই-মেইল এর মাধ্যমে সেবা গ্রহিতার কাছে পাঠানো বিষয়ক বাস্তবায়ীত ।<br>সকল সদস্য, ইনোভেশন টিম। |
| | | SIP (Small Improvement Project) – মোংলা বন্দর কর্তৃপক্ষের বিভিন্ন ভবন / অফিস বিল্ডিং এ স্থাপন / প্রদর্শন এর জন্য ০৩ টি উদ্ভাবনী উদ্যোগ<br><br>ক) মবক এর বিভিন্ন অফিস বিল্ডিং এ জরুরী সেবার হটলাইন নম্বর এবং সচেতনতামূলক স্টিকার স্থাপন ।<br><br>খ) ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ মবক'র বিভিন্ন স্থানে প্রদর্শন ।<br><br>গ) মোংলা বন্দর কর্তৃপক্ষের মনোগ্রামসহ টিস্যুবক্স তৈরী করন। কলম এবং মগে মোংলা বন্দর কর্তৃপক্ষের মনোগ্রাম | মোঃ গিয়াস উদ্দিন, পরিচালক (প্রশাসন), মবক, মোংলা এবং ইনোভেশন অফিসার।<br><br>জনাব মোঃ মাকরুজ্জামান<br>উপ সচিব বোওজস।<br><br>সদস্য-সচিব, ইনোভেশন টিম। |

| | | | |
|---|---|---|---|
| ০২। | উদ্ভাবনী উদ্যোগ / ধারনা আহবান এবং যাচাই-বাছাইকৃত তালিকা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ছক মোতাবেক ওয়েবসাইটে প্রকাশে এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ছক মোতাবেক ইনোভেশন টিম, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা , ইনোভেশন পাইলটিং , ডিজিটাল সেবা , ইনোভেশন রেপ্লিকেশন, ইনোভেশন শোকেসিং এবং সেবা পদ্ধতি সহজীকরন সংক্রান্ত তথ্যাবলী ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে । | উদ্ভাবনী উদ্যোগ / ধারনা আহবান এবং যাচাই-বাছাইকৃত তালিকা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ছক মোতাবেক ওয়েবসাইটে প্রকাশ; এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ছক মোতাবেক ইনোভেশন টিম, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা , ইনোভেশন পাইলটিং , ডিজিটাল সেবা , ইনোভেশন রেপ্লিকেশন, ইনোভেশন শোকেসিং এবং সেবা পদ্ধতি সহজীকরন সংক্রান্ত তথ্যাবলী ওয়েবসাইটে প্রকাশ করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জনাব মোঃ মাকরুজ্জামান<br>উপ সচিব বোওজস। ও<br>ইনোভেশন টিম। |
| ০৩। | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী যথাসময়ে ০১ টি উদ্ভাবনী উদ্যোগ এর পাইলটিং , ০১ টি ডিজিটাল সেবা,০১ টি সেবা পদ্ধতি সহজিকরণ এবং মবক এর কর্মকর্তাদের জন্য সেবা সহজীকরণ বিষয়ক ১ দিনের কর্মশালা ,উদ্ভাবন বিষয়ক ২ দিনের কর্মশালা সেবা সহজীকরণ বিষয়ক ২দিনের প্রশিক্ষন এর আয়োজন প্রসঙ্গে। | মবক এর কর্মকর্তাদের জন্য "নাগরীক সেবায় উদ্ভাবন " ও সেবা সহজী করণ বিষয়ক ১ দিনের কর্মশালা ,উদ্ভাবন বিষয়ক ২ দিনের কর্মশালা, সেবা সহজীকরণ বিষয়ক ২দিনের প্রশিক্ষন এর আয়োজন করতে হবে । | নাগরীক সেবায় উদ্ভাবন বিষয়ক ২ দিনের কর্মশালা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে ।<br>সেবা সহজী করণ বিষয়ক ১ দিনের কর্মশালা , সেবা সহজীকরণ বিষয়ক ২দিনের প্রশিক্ষন কর্মশালার,আয়োজন আগামী এপ্রিল মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>সদস্য-সচিব, ইনোভেশন টিম। |
| ০৪। | উদ্ভাবক / উদ্ভাবন কার্য্যক্রমে সম্পৃক্ত কর্মকর্তাদের দেশে/বিদেশে শিক্ষা সফর / প্রশিক্ষণ / নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ; এ ছাড়া প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র / সনদপত্র / ক্রেস্ট / পুরস্কার প্রদান প্রসঙ্গে। | উদ্ভাবক / উদ্ভাবন কার্য্যক্রমে সম্পৃক্ত কর্মকর্তাদের দেশে/বিদেশে শিক্ষা সফর / প্রশিক্ষন/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ; এ ছাড়া প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান এর জন্য "পেনশন সহজীকরণ" বিষয়ের উদ্ভাবক জনাব মোঃ জাকির হোসেন নিরীক্ষা কর্মকর্তা , মবক, মোংলা কে মনোনিত করা হয় এবং "নাগরীক সেবায় উদ্ভাবন" বিষয়ক ২ দিনের কর্মশালায় তাকে পুরুষ্কৃত করা হয় । | "পেনশন সহজীকরণ" বিষয়ের উদ্ভাবক জনাব মোঃ জাকির হোসেন নিরীক্ষা কর্মকর্তা , মবক, মোংলা কে মনোনিত করা হয় এবং পুরুষ্কৃত করা হয় ।<br>ইনোভেশন টিম। |
| ০৫। | ইনোভেশন টিম কর্তৃক লক্ষ্যমাত্রা অনুযায়ী মাঠ পর্যায়ে চলমান উদ্যোগসমুহ সরেজমিনে পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান প্রসঙ্গ। | মোংলা বন্দর কর্তৃপক্ষের উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং – "বল্লি প্যালাসাইডিং" এবং "পেনশন সহজীকরণ" সরেজমিনে পরিদর্শন করার বিষয়ে আলোচনা হয় । | ইনোভেশন টিম এর সাথে আলোচনা করতঃ তারিখ নির্ধারন করা হবে।<br>সদস্য-সচিব, ইনোভেশন টিম। |
| ০৬। | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' এর কর্ম-পরিকল্পনার অগ্রাধিকার চিহ্নিত ১৭ টি করণীয় বিষয়সহ এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়াদি যথাসময়ে বাস্তবায়ন এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ । | জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮' এর কর্ম-পরিকল্পনার অগ্রাধিকার চিহ্নিত ১৭ টি করণীয় বিষয়সহ এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিষয়াদি যথাসময়ে বাস্তবায়ন এবং ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ বিষয়ে আলোচনা হয় । আলোচনা মোতাবেক মোংলা বন্দর কর্তৃপক্ষের ইনোভেশন কর্ম-পরিকল্পনার, ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ইনোভেশন সভায় উপস্থাপন করতে হবে। | সদস্য-সচিব, ইনোভেশন টিম। |
| ০৭। | বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অন্যান্য কর্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে । | বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অন্যান্য কর্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা হয় এবং পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সদস্য-সচিব, ইনোভেশন টিম। |
| ০৮। | সেবা বান্ধব মোংলা বন্দর কর্তৃপক্ষের ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা করন প্রসঙ্গে। | সভায় সভাপতি জানান যে, তিনি এবং মবক'র সচিব (বোঃওজ ) নৌ পরিবহন মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত ০৫ ( পাঁচ ) দিন ব্যাপী ইনোভেশন কর্মশালায় ( কক্সবাজারে ) অংশগ্রহন করেন । উক্ত কর্মশালায় ইনোভেশন প্রকল্প হিসাবে মোংলা বন্দর কর্তৃপক্ষের সেবা বান্ধব "ভূমি | মোঃ গিয়াস উদ্দিন, পরিচালক (প্রশাসন), মবক, মোংলা এবং ইনোভেশন অফিসার।<br>জনাব ওহিউদ্দীন চৌধুরী, সচিব (বোর্ড ও জনসংযোগ), মবক |

| | | | |
|---|---|---|---|
| | | বিষয়ে বিস্তারিত আলোচনায় সর্বসম্মতক্রমে Developement of digital Land information System of Monglaport . বিষয়ক উদ্ভাবন প্রকল্প গ্রহনের বিষয়ে আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় । বিস্তারিত তথ্যসহ করনীয় বিষয়ের উপর একটি খসড়া প্রতিবেদন প্রদানের জন্য তাগাদা পত্র দিতে হবে ।<br>উল্লেখিত Developement of digital Land information System of Monglaport বাস্তবায়ন করনের লক্ষ্যে কার্যব্যবস্থা সম্পন্নকারী সদস্যদের তাগিদপত্র প্রদান করতে হবে। | জনাব ডি এম রওশন আলী , ডেপুটি ম্যানেজার , মবক,মোংলা<br><br>জনাব মোঃ মাইদুল ইসলাম, উর্দ্ধতন নিরীক্ষা কর্মকর্তা , মবক, মোংলা<br>জনাব মোঃ মাকরুজ্জামান উপ সচিব বোওজস।<br>সকল সদস্য, ইনোভেশন টিম। |
| ০৯। | নৌ পরিবহন মন্ত্রনালয়ের আওতাধীন মোংলা বন্দর কর্তৃপক্ষের নির্ধারীত ইনোভেশন উদ্যোগসমুহ উপস্থাপন করন প্রসঙ্গে । | মোংলা বন্দর কর্তৃপক্ষে উদ্ভাবন আইডিয়াসমুহের মধ্যে নিম্নোক্ত আইডিয়াকে ফ্লোচার্ট তৈরী করতঃ মোংলা বন্দর কর্তৃপক্ষের ইনোভেশন কমিটির সামনে উপস্থাপন করতে হবে । আরো পরীক্ষা নিরীক্ষা পূর্বক আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>আইডিয়া -<br>১। ভোগান্তিহীন ছাড় পত্র প্রদান | জনাব জহিরুল হক,পরিকল্পনা প্রধান, মবক, মোংলা<br><br>জনাব মোঃ মাইদুল ইসলাম, উর্দ্ধতন নিরীক্ষা কর্মকর্তা , মবক, মোংলা |
| ১০। | বর্জ্য ব্যবস্থাপনায় মোংলা বন্দর কর্তৃপক্ষের করণীয় প্রসঙ্গে। | বর্জ্য ব্যবস্থাপনার আওতায় স্থায়ী বন্দর এলাকায় বিভিন্ন স্থানে পচনশীল বর্জ্য এবং অপচনশীল বর্জ্য রাখার জন্য লাল এবং সবুজ রং এর ২ ( দুই ) টি করে ডাস্টবিন সংস্থাপন এর ব্যবস্থা করা যেতে পারে। আগামী ১ মাসের মধ্যে কার্য্যক্রম গ্রহণ করতে হবে। | জনাব শিরীন আফরোজ অনু সহকারী প্রকৌশলী (তড়িৎ), মবক, মোংলা |
| ১১। | মবক এর সকল কর্মকর্তার নিকট থেকে ইমেইল / লিখিত SIP ইনোভেটিভ আইডিয়া গ্রহণ প্রসঙ্গে। | মবক এর বিভিন্ন সেবা এবং কার্যাদি পরিচালনা ও গতিশীল করার জন্য ইনোভেটিভ আইডিয়া নিম্নোক্ত ইমেইল এড্রেস 'এ প্রেরন করতে হবে । da@mpa.gov.bd / aee2@mpa.gov.bd ।<br>সদস্য সচিব সকল বিভাগীয় প্রধান দের কে পত্রের মাধ্যমে পূনঃরায় অবহিত করবেন। | সকল কর্মকর্তা<br><br>সদস্য-সচিব, ইনোভেশন টিম। |
| ১২। | মুজিব বর্ষ উপলক্ষ্যে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ প্রসঙ্গে। | ২০২০ সালের ১৭ ই মার্চ হতে মুজিব বর্ষ শুরু হবে । সে উপলক্ষ্যে আয়োজিত অনূষ্ঠানে ১ম দিনেই<br>১) মুজিব বর্ষের লোগো সম্বলিত কলম,প্যাড,নোটশীট,ফাইল কভার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br>২) বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্নজীবনী' এবং 'কারাগারের রোজ নামচা' প্রত্যেক বিভাগেন জন্য ৫ টি করে ক্রয় করা যেতে পারে। | প্রশাসন বিভাগ |
| ১৩। | সভায় ইনোভেশন টিমের সদস্যগণের উপস্থিতি প্রসঙ্গে । | ইনোভেশন টিমের সভায় ইনোভেশন টিমের সদস্য না থেকে প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে উপস্থিত সকলে অসন্তোষ প্রকাশ করেন । সভায় প্রতিনিধি না পাঠিয়ে সদস্যদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয় । | ইনোভেশন টিম। |

| | | | |
|---|---|---|---|
| ১৪। | মোংলা বন্দর কর্তৃপক্ষের জেটি মেইন গেইট হতে প্রশাসনিক ভবন পর্যন্ত ফুটপাতের ব্যবস্থাকরণ প্রসঙ্গে | জনাব এস এম মাইদুল ইসলাম, উর্দ্ধতন নিরীক্ষা কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত মোংলা বন্দর কর্তৃপক্ষের জেটি মেইন গেইট হতে প্রশাসনিক ভবন পর্যন্ত নিরাপত্তা ভবন,ট্রাফিক ভবন,রেকর্ড বিল্ডিং ,জনতা ব্যাংক এবং সিবিএ ভবন এর সম্মুখের রাস্তায় বড় বড় ট্রাক ও বিভিন্ন ধরনের গাড়ী চলাচল করে । অফিস শুরু এবং অফিস সমাপ্তিকালীন সময়ে মবক এর কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে যাওয়া আসা করতে অসুবিধার সৃষ্টি হয় এবং যে কোন সময় যে কোন ধরনের দূর্ঘটনা ঘটতে পারে। জনাব নিয়ামুর রহমান , হিসাব রক্ষন কর্মকর্তা ( বাজেট ) বলেন যে, অফিস চলাকালীন কিছু বাজার বসে এবং অস্বাভাবিক ভাবে জনসম্মুখে যত্রতত্র ধুমপান করতে থাকে যা স্বাস্থ্যসম্মত নয় । ফলে উল্লেখিত স্থান বরাবর ফুটপাত তৈরীর ব্যবস্থাসহ বাজার উচ্ছেদ করা প্রয়োজন এবং জনসম্মুখে ধুমপান বন্ধ করার জন্য নির্দিষ্ট স্থানে Smoking Zone তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইতোমধ্যে সিভিল ও হাইড্রলিক্স বিভাগ ,প্রশাসন বিভাগ ও নিরাপত্তা বিভাগ কে তাগাদা পত্র দেওয়া হয়েছে । | সিভিল ও হাইড্রলিক্স বিভাগ<br>প্রশাসন বিভাগ<br>নিরাপত্তা বিভাগ |

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪/২/২০

(মোঃ গিয়াস উদ্দিন)
পরিচালক (প্রশাসন) এবং
ইনোভেশন অফিসার।

স্মারক নং- ১৮.১৪.০১৫৮.১২২.০৬.১৫৬.১৮ ২ তারিখঃ ৫ জানুয়ারী ২০২০ খ্রিঃ

বিতরণঃ

(১) চীপ ইনোভেশন অফিসার ( অতিরিক্ত সচিব ),নৌ পরিবহন মন্ত্রনালয় ।
(২) সদস্য অর্থ /(প্রঃ ও উঃ/হাঃ ও মে), মবক, মোংলা।
(৩) ........................................... বিভাগ/কোষ প্রধান, মবক, মোংলা।
(৪) ........................................... সদস্য, ইনোভেশন টিম, মবক, মোংলা।
(৫) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।
(৬) সহকারী ব্যবস্থাপক (প্রশাসন), মবক, মোংলা। ------ মন্ত্রণালয় সহ বিভিন্ন স্থানে প্রেরণের অনুরোধ করা হলো।
(৭) সহকারী জনসংযোগ কর্মকর্তা , মবক, মোংলা। ------ ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো ।

04.02.2020

(শিরীন আফরোজ অনু)
সহকারী প্রকৌশলী (তড়িৎ) এবং
সদস্য-সচিব, ইনোভেশন টিম।